

পর্যটন মেলা : বিমানের টিকিটে থাকবে ১৫শতাংশ ছাড়

- A Monitor Desk Report

Date: 08 February, 2024



19th Dhaka International Tourism Fair-2024

Venue : Pan Pacific Sonargaon Hotel, Dhaka
Date : February 8-10, 2024

Organised by **Monitor** Title Sponsor **Biman Bangladesh Airlines** Partner **Bangladesh Tourism Board** Technology Partner **Sabre**



ঢাকা : রাজধানীতে আজ বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) থেকে শুরু হচ্ছে ৩ দিনের 'বিমান-ঢাকা ট্রাভেল মার্ট'। সোনারগাঁও হোটেলের বল রুমে ৩ দিনের আন্তর্জাতিক এ মেলার আয়োজন করেছে ভ্রমণ ও পর্যটন বিষয়ক প্রকাশনা দি বাংলাদেশ মনিটর। মেলার উদ্বোধন করবেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র মো. আতিকুল ইসলাম।

আয়োজকরা জানিয়েছেন, ১৯তম ঢাকা ট্রাভেল মার্টের টাইটেল স্পন্সর বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। দেশ-বিদেশের ৮০টির বেশি প্রতিষ্ঠান ও সংস্থা এবারের ট্রাভেল মার্টে অংশ নিচ্ছে। অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছে এয়ারলাইন, হোটেল, রিসোর্ট, ট্রাভেল এজেন্ট, ট্যুর অপারেটর, প্রশিক্ষণ ইনস্টিটিউট, মেডিক্যাল ট্যুরিজম এজেন্সিসহ ভ্রমণ ও পর্যটন সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান। মেলা চলাকালে ভিজিটরদের জন্য অংশগ্রহণকারীদের পক্ষ থেকে আকর্ষণীয় প্যাকেজ ও ডিসকাউন্ট প্রদান করা হবে।

এই মেলা উপলক্ষে দেশি এয়ারলাইনগুলো টিকিটে বিশেষ মূল্য ছাড় দিচ্ছে। সকল আন্তর্জাতিক রুটের টিকিটে ১৫ শতাংশ বিশেষ মূল্য ছাড় দেবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। বিমান জানিয়েছে, মেলায় বিমান স্টল থেকে টিকিট ক্রয় করলে বিমানের সকল আন্তর্জাতিক রুটে ১৫ শতাংশ ডিসকাউন্ট পাওয়া যাবে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক তাহেরা খন্দকার জানান, মেলার পাশাপাশি বিমানের যে কোনও সেলস্ কাউন্টার, বিমান কলসেন্টার, বিমান ওয়েবসাইট ও মোবাইল অ্যাপস থেকে টিকিট ক্রয় করলেও ১৫ শতাংশ ডিসকাউন্ট পাওয়া যাবে।

ঢাকা ট্রাভেল মার্টে ইউএস-বাংলার অভ্যন্তরীণ রুটে ১৫ শতাংশ ও আন্তর্জাতিক রুটে ১২ শতাংশ মূল্যছাড় দেবে। ইউএস-বাংলা এয়ারলাইনের মহাব্যবস্থাপক মো. কামরুল ইসলাম জানান, অতিরিক্ত মূল্যছাড় মেলার ইউএস-বাংলার প্যাভিলিয়ন থেকে সংগ্রহ করা যাবে। মেলা থেকে টিকিট সংগ্রহ করে আগামী ১৫ মে'র মধ্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সকল রুটে ট্রাভেল করা যাবে।

নভোএয়ারও মেলায় সব রুটের টিকিটের মূল্যে ১৫ শতাংশ ছাড় দেবে। এছাড়াও কক্সবাজার ও কলকাতায় ভ্রমণের জন্য আকর্ষণীয় ভ্রমণ

প্যাকেজ ঘোষণা করেছে প্রতিষ্ঠানটি।

অফারগুলো উপভোগ করতে ঢাকা ট্রাভেল মার্চের নভোএয়ার-এর প্যাভিলিয়নে এসে টিকিট ক্রয় করতে হবে।

পর্যটন মেলাটি প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত চলবে এবং ভিজিটরদের জন্য প্রবেশ মূল্য রাখা হয়েছে জনপ্রতি ৫০ টাকা। মেলার সমাপনী দিনে ভিজিটরদের উপস্থিতিতে এন্ট্রি টিকিটের ওপর গ্র্যান্ড র‌্যাফেল ড্র অনুষ্ঠিত হবে।

-B